তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের উপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ:

ক্রঃ নং	মন্ত্রণালয় বিভাগের / নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডি সিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন-সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১.	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ	০২	০২	--	--	২টি	২টি	৩০.৫০ % হতে ১৩৭.৫%	২টি	৩৩.০৪ %হতে ৩৯.৫২ %

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ২০১৮-১৯ অর্থ বছরের এডিপিভুক্ত মোট সমাপ্ত প্রকল্প ২টির মধ্যে ২টিই পরিদর্শন করা হয়েছে।

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ: (১) ক্রয় কার্যক্রমে দীর্ঘসূত্রীতা; (২) সময়মত প্রকল্পের বিপরীতে অর্থায়ন না পাওয়া; (৩) প্রকল্প গ্রহণের সময় সুদৃঢ় প্রসারী পরিকল্পনা না করে ডিপিপি প্রণয়ন করা হয়। এতে পরবর্তীতে কাজের পরিধি বেড়ে যায় ফলশ্রুতিতে ব্যয় বৃদ্ধি পায়।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩.১	প্রকল্পটির মূল ডিপিপি ৫৭২৪৮.৪৯ লক্ষ টাকা প্রাক্কলনে ফেব্রুয়ারি, ২০১৩ থেকে জানুয়ারি, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৯/০২/১৩ তারিখে অনুমোদিত হয়েছে। নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে প্রকল্পটি সমাপ্ত না হওয়ায় পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধনীর মাধ্যমে প্রাক্কলন নির্ধারণ করা হয় ৭৫৪২১.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ ফেব্রুয়ারি, ২০১৩ থেকে জানুয়ারি, ২০১৮ এর পরিবর্তে ফেব্রুয়ারি, ২০১৩ থেকে জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়, যার মাধ্যমে প্রাক্কলন বৃদ্ধি পায় ১৮১৭২.৪৯ লক্ষ টাকা বা ৩১.৭৪% ও মেয়াদ বৃদ্ধি পায় ১৮ মাস বা ৩০.৫০% যা গত ১৪/০৩/২০১৭ তারিখে অনুমোদিত হয়। নির্ধারিত প্রাক্কলনে বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় পুনরায় ২য় সংশোধনীর মাধ্যমে প্রকল্পটির প্রাক্কলন নির্ধারণ করা হয় ৭৯৮৭৫.৪০ লক্ষ টাকা যা গত ১০/১০/২০১৮ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির ২য় সংশোধনীর ফলে প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ২২৬২৬.৮৯ লক্ষ টাকা বা ৩৯.৫২% এবং মেয়াদ বৃদ্ধি পেয়েছে ১৮ মাস বা ৩০.৫০%।	৩.১	প্রকল্পটি নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে শেষ হয়নি, মেয়াদ বৃদ্ধি পেয়েছে ১৮ মাস বা ৩০.৫০% এবং প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ২২৬২৬.৮৯ লক্ষ টাকা বা ৩৯.৫২%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী নতুন প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ ও প্রাক্কলন এমনভাবে করতে হবে যাতে মেয়াদ ও প্রাক্কলন বৃদ্ধি করতে না হয়;
৩.২	পিসিআর দৃষ্টে দেখা যায়, এ প্রকল্পে ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরে ২টি ইন্টর্নাল ও ৬টি এক্সটার্নাল অডিটে মোট ২৭টি আপত্তি উত্থাপিত হয়েছে। উত্থাপিত ২৭টি আপত্তির মধ্যে ২৬টি নিষ্পত্তি হয়েছে	৩.২	প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদের মধ্যে ৬ টি এক্সটার্নাল ও ২টি ইন্টার্নাল অডিটে মোট ২৭টি আপত্তি উত্থাপিত হয়েছে এবং এর সাথে সর্বমোট ১,১৭৯,০৬৪,১২৭.৫৮/- লক্ষ টাকার

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
	এবং ০১টি আপত্তি নিষ্পত্তির জন্য ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে। সেখানে আরো দেখা যায়, ২০১৮-১৯ অর্থবছরে কোন অডিট পরিচালিত হয়নি। উক্ত অর্থবছরের অডিট পরিচালনা এবং আপত্তিটি দ্রুত নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।		সম্পৃক্ততা রয়েছে। অনিষ্পন্ন আপত্তিটি দ্রুত নিষ্পন্ন করতে হবে এবং ২০১৮-১৯ অর্থবছরের অডিট দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩.৩	প্রকল্পের মাধ্যমে বাংলাদেশে একমাত্র আন্তর্জাতিক মানের কম্পিউটার ইন্সিডেন্ট রেসপন্স টিম (সার্ট)/বিজিডি ই-গভ সার্ট স্থাপন করা হয়েছে যা বর্তমানে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র হয়ে জতীয় সার্ট এর দায়িত্ব পালন করছে। এ সার্ট পরিচালনার জন্য দক্ষ ও প্রশিক্ষিত বিভিন্ন পর্যায়ের ৫৪ জন জনবল প্রয়োজন যা একটি বিজিডি ই-গভ এর সক্ষমতা বৃদ্ধি শীর্ষক একটি সরকারি অর্থায়নে নেওয়া প্রকল্পের মাধ্যমে চলমান রাখা হয়েছে। সার্ট পরিচালনার জন্য রাজস্ব খাতে বর্তমান বেতন, ভাতায় উচ্চ প্রযুক্তি জ্ঞানসম্পন্ন বিশেসজ্ঞ রাখা সম্ভব নয়। চলমান নতুন প্রকল্প শেষে সার্ট পরিচালনার জন্য রাজস্বখাতে আইটি ইঞ্জিনিয়ারসহ প্রয়োজনীয় জনবল বিশেসজ্ঞ জনবল হিসেবে বর্তমান বেতনে (পরামর্শক ফি) নিয়োগ করে পরিচালনা করা প্রয়োজন। অন্যথায় দক্ষ জনবলের অভাবে সার্ট এর কার্যক্রম ব্যাহত হবে। প্রকল্পের মাধ্যমে স্থাপিত সার্ট এর কার্যক্রম টেকসই ও শক্তিশালী করার জন্য প্রয়োজনীয় বিশেষজ্ঞ পদ সৃজন করে অনুমোদিত পদের বিপরিতে বর্তমান বিশেষজ্ঞ জনবল স্থায়ী করা প্রয়োজন।	৩.৩	কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিম (CIRT)-কে প্রাতিষ্ঠানিক রূপ প্রদান করা যেতে পারে। তবে, প্রকল্প সমাপ্তির অব্যহৃত পরেই সরকারি সেবা ও দপ্তরসমূহের সাইবার সিকিউরিটি নিশ্চিত করতে BGD-e-Gov CIRT এর যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার দৃষ্টি আকর্ষণ করা হল;
৩.৪	এ প্রকল্পের মাধ্যমে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানেকম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে, তার মধ্যে পরিদর্শনকৃত প্রতিষ্ঠানে সম্পদ রেজিষ্টার সংরক্ষণ করা হচ্ছে। প্রকল্প অফিস থেকে জানা যায়, স্থাপিত ৪০১৬টি কম্পিউটার ল্যাবে সম্পদ রেজিষ্টার সংরক্ষণের জন্য নির্দেশনা দেয়া হয়েছিল এবং নির্দেশনা অনুযায়ী তা সংরক্ষন করা হচ্ছে।	৩.৪	প্রকল্পের মাধ্যমে ৪০১৬টি কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য মনিটরিং ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।
৩.৫	ডিপিপি'র সাথে সংযুক্ত গাইড লাইন ও সহযোগিতা চুক্তিপত্র অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থী এবং শিক্ষক মন্ডলী ল্যাব ব্যবহারের সময়সূচী নির্ধারণ করবে। সকল শিক্ষার্থী প্রতি সপ্তাহে যাতে ল্যাব ব্যবহারের সুযোগ পায় সে অনুযায়ী ক্লাস রুটিন তৈরি করার নির্দেশনা রয়েছে। এছাড়া অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রীদের ল্যাব ব্যবহারের সুযোগের উল্লেখ রয়েছে। পরিদর্শনকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠানেই ল্যাব ব্যবহার সম্পর্কিত কোন ক্লাস রুটিন দেখা যায়নি। কম্পিউটার ল্যাবের সর্ব্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য স্থানীয় প্রশাসন, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকরী মনিটর করা প্রয়োজন।	৩.৫	শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও শিক্ষক মন্ডলীর ল্যাব ব্যবহার সংক্রান্ত কোন ক্লাস রুটিন পরিলক্ষিত হয়নি। প্রতি সপ্তাতে অন্তত ১ বার ছাত্র-ছাত্রী ও শিক্ষক মন্ডলী যাতে কম্পিউটার ল্যাব ব্যবহার করতে পারে তা নিশ্চিত করতে হবে।

লেভারেজিং আইসিটি ফর গ্রোথ, ইমপ্লয়মেন্ট এন্ড গভর্নেন্স প্রকল্প (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: জুন, ২০১৯)

১। প্রকল্পের নাম: লেভারেজিং আইসিটি ফর গ্রোথ, ইমপ্লয়মেন্ট এন্ড গভর্নেন্স প্রকল্প (২য় সংশোধিত)।

২। প্রকল্পের ধরণ (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস: জিওবি ও প্রকল্প সাহায্য।

৩.১। উন্নয়ন সহযোগী: বিশ্বব্যাংক (আইডিএ)।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র: সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৫৭২৪৮.৪৯	৫১.৪৭	৫৭১৯৭.০৪	-	ফেব্রুয়ারি, ২০১৩ হতে জানুয়ারি, ২০১৮	১৯/০২/১৩	২২৬২৬.৮৯ (৩৯.৫২%)	১৮ মাস (৩০.৫০ %)
১ম সংশোধন	৭৫৪২১.০০	১৫৬০.০০	৭৩৮৬১.০০	-	ফেব্রুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৯	২৪/১০/১৭		
২য় সংশোধন	৭৯৮৭৫.৪০	২৩৪৩.৫০	৭৭৫৩১.৯০		ফেব্রুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৯	১০/১০/১৮		
প্রকৃত ব্যয়	৭৩৪০৮.৩৪				ফেব্রুয়ারি, ২০১৩ হতে জুন, ২০১৯			

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ৩৯.৫২%।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: ৩০.৫০%।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১	কর্মচারিদের বেতন	৭৮ মাস	৫৭.০৩	৭৮ মাস	৪৬.২৩	৭৭ মাস
২	ভাতাদি	৭৮ মাস	৫১.৯৭	৭৮ মাস	৪০.৫৫	৭৭ মাস
৩	সরবরাহ ও সেবা	--	৩১৭৪.৬০	--	৩৯৩.২৪	--
৪	প্রশিক্ষণ ব্যয়	৩০,০০০ জন	২৫৩৬০.০৮	৩০,০০০ জন	২৩০১৩.০৯	৩৩৫৬৪ জন
৫	সেমিনার, ওয়ার্কশপ	--	১০৯৫.৮৫	--	১০২১.৮৫	--
৬	পরামর্শ সেবা	২১২২	১২৫২২.৩২	--	১৩৮৭০.২১	--

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
		জনমাস				
৭	অডিট ফি	ফার্ম	৪৪.৮৭	ফার্ম	১১.৯২	ফার্ম
৮	মেরামত এবং রক্ষণাবেক্ষণ	--	৫৭.৯৯	--	২৯.৫২	--
৯	প্রশিক্ষণ	২০০০ জন	৪২০৩.৭৮	২০০০ জন	৩৯০৫.৮৫	২২০০ জন
১০	যানবাহন	সংখ্যা	১২৪.৯৯	সংখ্যা	১২৩.৫০	২টি
১১	কম্পিউটার এবং যন্ত্রাংশ	--	২৯৭২৮.৪৭	--	২৮৬৯৪.৮৩	--
১২	সফটওয়্যার ভেরিয়াস	সেট	৫১৩.০৫	সেট	৪৬.৫০	৪ সেট
১৩	অফিস ইকুইপমেন্ট	--	১৩৭.১৬	--	২০.১৯	--
১৪	ফার্নিচার এন্ড ফিক্সার	--	৩৭৯.৯৪	--	২৩১.৮১	--
১৫	সিডি/ভ্যাট	--	২৪২৩.৩০	--	১৯৫৯.০৩	--
ফিজিক্যাল কন্টিনজেন্সি			০.০০			
প্রাইস কন্টিনজেন্সি			০.০০			
সর্বমোট			৭৯৮৭৫.৪০	--	৭৩৪০৮.৩৪ (৯২%)	--

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি'র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্ত বিষয়/পদ্ধতি অনুসরন করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

ক) আইটি/আইটিইএস সেক্টরের জন্য ৩০,০০০ দক্ষ জনবল তৈরি;
খ) আইসিটি নির্ভর ব্যবসা সম্প্রসারণে প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি;
গ) জাতীয় ডাটা সেন্টারের সক্ষমতা বাড়ানো;
ঘ) বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (বিএনডিএ) বাস্তবায়ন করা;
ঙ) সাইবার অপরাধ দমন টিম গঠন করা; এবং
চ) সরকারি কর্মকর্তাদের আইসিটি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ;

৯.১। **প্রকল্পের পটভূমি:** বিগত কয়েক যুগ ধরে বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধি ও উন্নয়ন চলমান রয়েছে। উন্নয়নের পথে বাঁধাসমূহ নিরসনের লক্ষ্যে বাংলাদেশ সরকার ইতোমধ্যে ভিশন-২০২১ এবং ষষ্ঠ পঞ্চবার্ষিক ও সপ্তম পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করেছে। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে এবং মধ্যম আয়ের দেশে উন্নতীকরণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রয়োজন যুগোপযোগী ব্যবস্থাগ্রহণ। বাংলাদেশের জিডিপিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির অবদানের জন্য সাধারণ জনগণের দক্ষতা বৃদ্ধি ও বাণিজ্যিকীকরণেরও প্রয়োজন রয়েছে। বাংলাদেশে শিক্ষিত জনগণের অন্তর্নিহিত শক্তিকে জিডিপিতে অন্তর্ভূক্তির জন্য সফটওয়্যার প্রোগ্রামিং, গ্রাফিক্স ডিজাইন, এনিমেশন ও ডাটা এন্ট্রি বিষয়ে দক্ষ করা অপরিহার্য। উদাহরণ স্বরূপ ঘানা, কেনিয়া, ফিলিপাইন তাদের জনগণের অন্তনির্হিত প্রতিভাকে কাজে লাগিয়ে সমৃদ্ধিকরণে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ সরকার বিশ্ব ব্যাংক এর সহায়তায় বাণিজ্য ও সরকারি উন্নয়নের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিকে ব্যবহারের জন্য প্রত্যক্ষ এবং পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টির উদ্যোগ নিয়েছে। এছাড়া ই-গভর্নেন্স, নারীর ক্ষমতায়ন ও রাজস্ব বৃদ্ধির জন্যও তথ্য প্রযুক্তিকে কাজে লাগানো একান্ত প্রয়োজন।

এ পরিপ্রেক্ষিতে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্য নিয়ে "লিভারেজিং আইসিটি ফর গ্রোথ, ইমপ্লয়মেন্ট এন্ড গভর্নেন্স" শীর্ষক প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হয়েছে।

১০। **প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া:** আলোচ্য প্রকল্পটি ৫৭২৪৮.৪৯ লক্ষ টাকা প্রাক্কলনে ফেব্রুয়ারি, ২০১৩ থেকে জানুয়ারি, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৯/০২/১৩ তারিখে অনুমোদিত হয়। নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে প্রকল্পটি সমাপ্ত না হওয়ায় পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধনীর মাধ্যমে প্রাক্কলন নির্ধারণ করা হয় ৭৫৪২১.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ ফেব্রুয়ারি, ২০১৩ থেকে জানুয়ারি, ২০১৮ এর পরিবর্তে ফেব্রুয়ারি, ২০১৩ থেকে জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়, যার মাধ্যমে প্রাক্কলন বৃদ্ধি পায় ১৮১৭২.৪৯ লক্ষ টাকা বা ৩১.৭৪% ও মেয়াদ বৃদ্ধি পায় ১৮ মাস বা ৩০.৫০% যা গত ১৪/০৩/২০১৭ তারিখে অনুমোদিত হয়। নির্ধারিত প্রাক্কলনে বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় পুনরায় ২য় সংশোধনীর মাধ্যমে প্রকল্পটির প্রাক্কলন নির্ধারণ করা হয় ৭৯৮৭৫.৪০ লক্ষ টাকা যা গত ১০/১০/২০১৮ তারিখে অনুমোদিত হয়েছে। প্রকল্পটির ২য় সংশোধনীর ফলে প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ২২৬২৬.৮৯ লক্ষ টাকা বা ৩৯.৫২% এবং মেয়াদ বৃদ্ধি পেয়েছে ১৮ মাস বা ৩০.৫০%।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন: প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সেক্টর-৭ এর উপ পরিচালক (উপসচিব) জনাব মশিউর রহমান গত ০৪/০২/২০২১ তারিখে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। প্রকল্প সরেজমিন পরিদর্শন ও রেকর্ডপত্র যাচাই করে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে।


১১.২। **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:**



প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত যানবাহনের দৃশ্য



প্রকল্প এলাকা পরিদর্শন



প্রকল্প পরিচালকের সাথে আলোচনা



প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত যানবাহনের দৃশ্য

১২। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

পরিদর্শনের সময় দেখা যায়, সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং আইএমইডি'র কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। এদের মধ্যে আইএমইডি'র কর্মকর্তা সহকারী পরিচালক মো: পূবন আখতার এবং মোঃ মাহমুদুল হক, যুগ্ম সচিব কর্তৃক ২৪/১২/২০১৭ এবং ২২/০৫/২০১৯ তারিখে পরিদর্শন করা হয়েছে।

১৩। **প্রকল্পের জনবল নিয়োগ:** এ প্রকল্পের প্রকল্প পরিচালক, সিস্টেমস এনালিস্ট, হিসাব রক্ষক জনবল বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নিজস্ব জনবল যারা এ প্রকল্পে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন। এ ছাড়া প্রকল্পের প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর সরাসরি নিয়োগ করা হয়েছিল।

১৪। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	মোঃ রেজাউল করিম, এনডিসি	যুগ্ম সচিব	পূর্ণকালীন	১৩/০৩/২০১৩ হতে ৩০/০৬/২০১৯ পর্যন্ত (সমাপ্ত পর্যন্ত)

১৫| প্রকল্পের ক্রয় কার্যক্রম (পিসিআর অনুসারে): (পরিশিষ্ট-'ক'):

১৬। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
ক) আইটি/আইটিইএস সেক্টরের জন্য ৩০,০০০ দক্ষ জনবল তৈরি;	টপ-আপ আইটি প্রশিক্ষণঃ ● ১০,৫৮৫ জনের প্রশিক্ষণ সম্পন্ন ● ৬,৪৮২ জনকে চাকরিতে নিযুক্তকরণ ফাউন্ডেশন স্কীলস প্রশিক্ষণঃ ● ২০,৩৬৯ জনের প্রশিক্ষণ সম্পন্ন ● ২,৪০৫ জনকে চাকরিতে নিযুক্তকরণ এফটিএফএল প্রশিক্ষণঃ ● ২৬১০ জনের প্রশিক্ষণ সম্পন্ন ● ২২৪৪ জনকে চাকরিতে নিযুক্তকরণ ● আইটি প্রতিষ্ঠানসমূহের মধ্যম স্তরের কর্মকর্তাদের আইবিএ, ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৬৪২ জন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ● সিক্সও প্রশিক্ষণের ৫৬ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মোট প্রশিক্ষণঃ ৩৩,৫৬৪ জনের প্রশিক্ষণ সম্পন্ন ১১,১৩১ জনকে চাকরিতে নিযুক্তকরণ	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, আইটি/আইটিএস সেক্টরের জন্য ৩০,০০০ দক্ষ জনবল তৈরি করার উদ্দেশ্য ছিল, সেখানে ৩৩,৫৬৪ জনকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ করে গড়ে তোলা হয়েছে, এর মাধ্যমে প্রকল্পের এই উদ্দেশ্যটি পূরণ হয়েছে বলে প্রতীয়মান হয়।
খ) আইসিটি নির্ভর ব্যবসা সম্প্রসারণে প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি;	● তথ্য প্রযুক্তি শিল্প বিকাশের উদ্দেশ্যে আইটি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তাদের আউটরিচ কর্মসূচি (দেশী ও বিদেশী কোম্পানিসমূহের মধ্যে B2B Matchmaking Program) গ্রহণ করা হয়েছে। প্রারম্ভিক প্রতিবেদন ও Sector Invest Attraction Strategy প্রতিবেদন চূড়ান্ত করা হয়েছে। প্রথম সারির আইটি কোম্পানি এবং সংশ্লিষ্ট সরকারি অফিসগুলোর সাথে ৮৩টি সভা সফলভাবে সম্পন্ন হয়েছে। নিউইয়র্ক, ব্যাঙ্গালোর, কলকাতা, হায়দ্রাবাদ, মালয়শিয়া	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, আইসিটি নির্ভর ব্যবসা সম্প্রসারণে প্রয়োজনীয় সুযোগ সৃষ্টির যথাযথ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
	ও সিঙ্গাপুরে ৩৫ টি উচ্চ পর্যায়ের সভা হয়েছে। এভারেস্ট কর্তৃক একটি এনালিস্ট রিপোর্ট (শ্বেতপত্র) তৈরি ও প্রকাশ করা হয়েছে; যা এদেশের আইটি শিল্পের প্রচারে একটি প্রামাণ্য দলিল হিসেবে কাজ করবে। • দেশী-বিদেশী কোম্পানির Match making অগ্রগতি পর্যবেক্ষণ করার Lead Tracking Tool প্রস্তুত করা হয়েছে। এই প্রক্রিয়ার ফলশ্রুতিতে কয়েকটি বিদেশি কোম্পানি বাংলাদেশে ব্যবসা শুরু করার সম্ভবনা যাচাই করার জন্য বাংলাদেশ সফর করেছে এবং ডাটা কোর নামে একটি কোম্পানি বাংলাদেশের কাজী আইটি এর সাথে যৌথ ব্যবসা চুক্তি সম্পাদন করেছে। • দেশে বিনিয়োগে সহযোগিতা প্রদানের জন্য একটি হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে এবং ইতোমধ্যেই আইবিএম-কে সহযোগিতা করা হয়েছে। • দেশের আইটি শিল্পের বিকাশ ও রপ্তানিকে উৎসাহিত করার লক্ষ্যে আইটি,আইটিইএস ও হার্ডওয়্যার খাতে ১০% রপ্তানি ভর্তুকি প্রদানের পলিসি এডভোকেসি করা হয়েছে। • স্থানীয় ডিজিটাল ডিভাইস উৎপাদন ও সংযোজনের জন্য কাঁচামাল আমদানির উপর ন্যূনতম শুল্ক প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে। • অফিসিয়াল রপ্তানি আয় বৃদ্ধির জন্য বাংলাদেশ ব্যাংকের এসআরও গুলো জারি করতে পলিসি এডভোকেসি করা হয়েছে। • জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০১৮ এর খসড়া প্রণয়নে সার্বিক ভূমিকা রাখা হয়েছে। • ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরের জাতীয় বাজেটে আইসিটি শিল্পের বিকাশে করণীয় বিষয়াদির ওপর গবেষণা করে প্রস্তাবনা তৈরি করা হয়েছে। • দেশের আইটি-আইটিআইএস শিল্পের ওপর পৃথক দুটি রিপোর্ট তৈরি করা হয়েছে।	
গ) জাতীয় ডাটা সেন্টারের সক্ষমতা বাড়ানো;	• ডাটা সেন্টারের ক্যাপাসিটি ২.৫ পেটায় উন্নীত করা • জাতীয় ডাটা সেন্টারটি Business Continuity নিশ্চিত করা জন্য ISO/BDS 20000 ও সাইবার নিরাপত্তা নিশ্চিতের জন্য ISO/BDS 27001 Certification • ডাটা সেন্টারের সম্প্রসারণের (১০,০০০ বর্গফুট আয়তন, ১৫০টি র‍্যাক স্থাপন, ৩ মেগাওয়াট বিদ্যুৎ শক্তি সংযুক্তকরণ)	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, জাতীয় ডাটা সেন্টারের সক্ষমতা বৃদ্ধি করা হয়েছে।

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
	• দুটি AMC (Servers, Storage, Software's, E-mail Gateway, & Infrastructures) সেবার মাধ্যমে নিরবিচ্ছিন্ন ডাটা সেন্টার সেবা প্রদান। জাতীয় ডাটা সেন্টার সেবা সমূহঃ ক) ওয়েবসাইটঃ ২৫০০০+ এনপিএফ খ) ই-মেইলঃ ৫৫০৪০ টি গ) মেইল ডোমেইনঃ ৪৬৭ টি ঘ) ওয়েব এপ্লিকেশনঃ ২৫২ টি ঙ) ম্যানেজড সার্ভিসঃ ১০৭ টি চ) ফাইল সার্ভারঃ ৫ টি ছ) কোলোকেশন সার্ভারঃ ১৬ টি জ) নেটওয়ার্ক সার্ভিসঃ ১৮০৫৯ ঝ) বর্তমানে জাতীয় ডাটা সেন্টার বছরে সরকারের বিভিন্ন দপ্তরকে ৯০০ কোটি টাকার বেশী মূল্যের সেবা দিয়ে থাকে।	
ঘ) বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (বিএনডিএ) বাস্তবায়ন করা;	• জাতীয় ডিজিটাল আর্কিটেকচার (বিএনডিএ) বাস্তবায়ন করা হয়েছে। • BNEA Framework, e-GIF with MSDP, National E-Service Bus প্রস্তুতকরা • GeoDASH প্লাটফর্মটি NEA সার্ভিস সংযুক্ত • E-recruitment সিস্টেম তৈরি, সার্ভিসবুক অটোমেশন, ই-পেনশন সার্ভিস ওপেন ও BOSEL এর android অ্যাপ প্রস্তুত • অনলাইনে খাদ্য শস্য সংগ্রহের জন্য সফটওয়্যার • Project Tracking System • আইন, নীতিমালা ও মানদন্ড প্রস্তুত করা • BNEA উদ্ভাবন ও উৎকর্ষ ক্যাটাগরিতে 'ওপেন গ্রুপ প্রেসিডেন্ট অ্যাওয়ার্ড২০১৮' পেয়েছে এবং WISIS অ্যাওয়ার্ড ২০১৯ পেয়েছে।	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (বিএনডিএ) বাস্তবায়ন করা হয়েছে।
ঙ) সাইবার অপরাধ দমন টিম গঠন করা; এবং	• CIRT (Computer Incident Response Team) গঠন করা হয়েছে। • সার্ট ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। • বিশেষায়িত প্রশিক্ষণ ল্যাব প্রতিষ্ঠা করা হয়েছে। • ১৫টি ক্রিটিকাল ইনফরমেশন অবকাঠামোতে সাইবার সেন্সর প্রযুক্তি স্থাপন করা হয়েছে। • সাইবার জিম তৈরি করা হয়েছে। • সাইবার সিকুরিটি স্ট্রাটেজি প্রস্তুত করা হয়েছে। • Government of Bangladesh	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, সাইবার অপরাধ দমন টিম গঠন করা হয়েছে।

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
	Information Security Manual (GoBISM) সংস্করণ-১ প্রস্তুত করা হয়েছে।	
চ) সরকারি কর্মকর্তাদের আইসিটি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ;	ই-গভার্নেন্স ও সাইবার নিরাপত্তা বিষয়ে ২৯৩৬ জন সরকারি কর্মকর্তাকে দেশে ও বিদেশে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, সরকারি কর্মকর্তাদের আইসিটি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

১৭। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উ

দ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৭.১। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: (পিসিআর অনুযায়ী)।

অডিটের ধরন	অডিটের অর্থবছর	আপত্তির সংখ্যা	অডিট আপত্তির শিরোনাম ও অর্থের পরিমান	নিষ্পত্তির পর্যায়	আপত্তি নিষ্পত্তির অবস্থা	মন্তব্য
ইন্টার্নাল	২০১৩-১৪	৪টি	১। অগ্রিম বেতন। ২। অগ্রিম রেজিস্টার। ৩। নগদ যাচাইকরণ। ৪। সমাপনী নগদ ব্যালেন্স।	নিষ্পন্ন হয়েছে।		
ইন্টার্নাল	২০১৫-১৭	৪টি	১। আর্থিক বিবরণী পদ্ধতি। ২। তহবিল ব্যবস্থাপনা। ৩। অভ্যন্তরীণ কন্ট্রোল পরিচালনা ৪। অ্যাকাউন্টিং পলিসি ও পদ্ধতি।	নিষ্পন্ন হয়েছে।		
এক্সটার্নাল	২০১২-১৩	--	আপত্তি নেই	--	--	
এক্সটার্নাল	২০১৩-১৪	৪টি	১। লস পিএফ গভ. রেভিনিউ এমাউন্টিং টু টাকা ১৬,৪০,৯৪০ ডু টু নন-রিলেজাইশন অফ ভ্যাট ফরম দ্যা কন্সালটেন্ট পেমেন্ট বিল। ২। লেস ডিপোজিশন অফ ব্যাংক ইন্টারেস্ট এমাউন্টিং টু টাকা ২,১৬,০৫৯ টু দ্যা গভ. টেজারি। ৩। ভ্যাট নট ডিডাকটেড এমাউন্টিং টু টাকা ৬৭,১১৭ এ্যাজ পার গভ. রুল। ৪। লেস ডিডাকটেড ফর ইনকাম ট্যাক্স এমাউন্টিং টু টাকা ১০৭,৭২০ ফরম সাপ্লায়ারস বিল।	নিষ্পন্ন হয়েছে।		
এক্সটার্নাল	২০১৪-১৫	৫টি	১। এ্যাডভান্স এমাউন্টিং টু টাকা ১,১৮,৯২,০৮৩ নট এ্যাডজাস্ট। ২। এক্সেস টাকা ৪,৬৭,০২১.৫০ ওয়াস পেইড টু দ্যা নিউজ পেপার ও লস অফ গভ. রেভিনিউ টাকা ৫৮,৩৫৩.৩৮ ডু টু সারভিস চার্জ নট ডিডাকটেড ফরম নিউজ পেপার বিল। ৩। কন্ট্রাক্ট সাইন উইথ দ্যা সুপ্লায়ারস কন্সাল্ট এমাউন্টিং টু টাকা ১৩,৯৬,১৮,০৪১.৭৯ ফর প্রকিউরমেন্ট অফ গুডস সার্ভিস/নন-সার্ভিস বেউন্ড ডিপিপি প্রোভিশন।	নিষ্পন্ন হয়েছে।		

অডিটের ধরন	অডিটের অর্থবছর	আপত্তির সংখ্যা	অডিট আপত্তির শিরোনাম ও অর্থের পরিমান	নিষ্পত্তির পর্যায়	আপত্তি নিষ্পত্তির অবস্থা	মন্তব্য
			৪। এক্সেস টাকা ৫,২২,৪১৮ ওয়াস পেইড টু দ্যা ন্যাশনাল ইউনিভার্সিটি অফ সিংগাপুর ফর এ্যালাইং ওয়ান নাইট স্টে ইন এক্সেস অফ প্রোগ্রাম ডিউরেশন ও ডিএ টাকা ৮,৫৫,০০২.৯১ পেইড ইন এক্সেস টু দ্যা পারটিসিপেন্ট দ্যান দ্যা প্রোগ্রাম ডিউরেশন পিরিয়ড। ৫। এক্সপেনডিচার ইনকারেড ফর এয়ার টিকেট এমাউন্টিং টু টাকা ৭৭,৪২,৬৪৪ উইথআউট ইনোভেশন কোটেশন/আরএফকিউ।			
এক্সটার্নাল	২০১৫-১৬	৩টি	১। ওয়ার্ক এ্যওয়ার্ডেড টু দ্যা কনট্রাকটর উইথআউট ইনভাইটিং ওপেন টেন্ডার। ২। লস অফ প্রজেক্ট মানি ফর ইররেগুলার এ্যাপয়েনমেন্ট অফ মনিটরিং এন্ড ইভালুয়েশন স্পেসালিস্ট উইথআউট এপ্লাইং গভট. রিক্রুমেন্ট প্রোসিডারস। ৩। লস অফ প্রজেক্ট মানি ডু টু ফরেন ট্রেনিং ফর দ্যা কন্সালটেন্ট বিওয়ান্ড প্রোজেক্ট পারসোনাল।	নিষ্পন্ন হয়েছে।		
এক্সটার্নাল	২০১৬-১৭	৫টি	১। লেস এক্সপেন্ডিচার সো ইন দ্যা আইইউএফআর এন্ড এক্সপেন্ডিচার স্টেটমেন্ট প্রিপারেড বাই দ্যা অথরিটি এমাউন্টিং টাকা ১,৬১,৩২,০০০/- এফ/এস ইজ ওভার স্টাটেড। ২। ডায়রেক্ট পেমেন্ট ওয়াস মেড ফর পারসেসিং এয়ার টিকেট টাকা ১,০৫,৪৩,৪৫২/- উইথআউট ফলোইং পিপিআর-২০০৮। ৩। লস অফ গভট. রেভিনিউ টাকা ১,১০,৮৯,৮৬৭/- ডু টু লেস ডিডাকশন অফ আইটি ফরম কন্সালটেন্ট রিমুনারেশন এমাউন্টিং। ৪। এক্সেস ডিএসএ পেইড ফর ফরেন ট্যুর গভট. সাক্ষারেড এ লস অফ টাকা ৫,৮৪,৬৫৮/-। ৫। ইনভেন্টরি অফ এসসেটস রেজিস্টার ভ্যালুড টাকা ৯৪,১৫,৫৯,০০০ ওয়ার নট মেইনটেনেড।	নিষ্পন্ন হয়েছে।		
এক্সটার্নাল	২০১৭-১৮	২টি	১। লস অফ গভার্মেন্ট রেভিনিউ এমাউন্টিং টু টাকা ১৬,৫০,৭২৬/- ডু টু নন-ডিডাকশন অফ আইটি এন্ড ভ্যাট। ২। ৮ নং. অফ সাইবার সেম্পোরস নেটওয়ার্ক মডেল এন এমাউন্ট অফ ইউএসডি ৪,০৮,৫৩৬/- ইকুয়াভেলেন্ট টাকা ৩,৩৯,০৮,৪৮৮/- রিমেন আনইউজড টিল অডিট।	২য় আপত্তিটি নিষ্পন্ন হয়েছে।	১ম আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অতিরিক্ত তথ্যাদি FAPAD এর নিকট প্রেরণ করা হয়েছে।	
এক্সটার্নাল	২০১৮-১৯		অডিট সিডিউল ৪-৮ ডিসেম্বর, ২০১৯	এখনো অডিট হয়নি, প্রকল্প		

অডিটের ধরন	অডিটের অর্থবছর	আপত্তির সংখ্যা	অডিট আপত্তির শিরোনাম ও অর্থের পরিমান	নিষ্পত্তির পর্যায়	আপত্তি নিষ্পত্তির অবস্থা	মন্তব্য
				কর্তৃপক্ষ অডিট কার্যক্রম সম্পাদনের জন্য FAPADকে পত্র প্রেরণ করেছে।		

১৮। **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৮.১। **মেয়াদ ও ব্যয় বৃদ্ধি সংক্রান্ত**: প্রকল্পটির মূল ডিপিপি ৫৭২৪৮.৪৯ লক্ষ টাকা প্রাক্কলনে ফেব্রুয়ারি, ২০১৩ থেকে জানুয়ারি, ২০১৮ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ১৯/০২/১৩ তারিখে অনুমোদিত হয়েছে। নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে প্রকল্পটি সমাপ্ত না হওয়ায় পরবর্তীতে প্রকল্পটির ১ম সংশোধনীর মাধ্যমে প্রাক্কলন নির্ধারণ করা হয় ৭৫৪২১.০০ লক্ষ টাকা এবং বাস্তবায়ন মেয়াদ ফেব্রুয়ারি, ২০১৩ থেকে জানুয়ারি, ২০১৮ এর পরিবর্তে ফেব্রুয়ারি, ২০১৩ থেকে জুন, ২০১৯ পর্যন্ত বৃদ্ধি করা হয়, যার মাধ্যমে প্রাক্কলন বৃদ্ধি পায় ১৮১৭২.৪৯ লক্ষ টাকা বা ৩১.৭৪% ও মেয়াদ বৃদ্ধি পায় ১৮ মাস বা ৩০.৫০% যা গত ১৪/০৩/২০১৭ তারিখে অনুমোদিত হয়। নির্ধারিত প্রাক্কলনে বাস্তবায়ন কাজ শেষ না হওয়ায় পুনরায় ২য় সংশোধনীর মাধ্যমে প্রকল্পটির প্রাক্কলন নির্ধারণ করা হয় ৭৯৮৭৫.৪০ লক্ষ টাকা যা গত ১০/১০/২০১৮ তারিখে অনুমোদিত হয়। প্রকল্পটির ২য় সংশোধনীর ফলে প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ২২৬২৬.৮৯ লক্ষ টাকা বা ৩৯.৫২% এবং মেয়াদ বৃদ্ধি পেয়েছে ১৮ মাস বা ৩০.৫০%।

১৮.২। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা**: প্রকল্পের মোট ১৫টি অঙ্গ ছিল, পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের মধ্যে ব্যয় হয়েছে এবং রাজস্ব ও মূলধনের সকল পণ্য ক্রয় করা হয়েছে সব ধরনের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। কোন অঙ্গের ব্যয় আরডিপিপি সংস্থানের চেয়ে বেশি হয়নি। ডিপিপি/আরডিপিপিতে প্রকল্পের বিভিন্ন অঙ্গের জন্য সংস্থান ছিল ৭৯৮৭৫.৪০ লক্ষ টাকা এবং অবমুক্তকৃত অর্থের মধ্যে ব্যয় হয়েছে ৭৩৪০৮.৩৪ লক্ষ টাকা। প্রকল্প পরিচালক জানান, অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

১৮.৩। প্রকল্পের জনবল সমস্যা: প্রকল্পের মাধ্যমে বাংলাদেশে একমাত্র আন্তর্জাতিক মানের কম্পিউটার ইন্সিডেন্ট রেসপন্স টিম (সার্ট)/বিজিডি ই-গভ সার্ট স্থাপন করা হয়েছে যা বর্তমানে ডিজিটাল নিরাপত্তা এজেন্সি'র হয়ে জতীয় সার্ট এর দায়িত্ব পালন করছে। এ সার্ট পরিচালনার জন্য দক্ষ ও প্রশিক্ষিত বিভিন্ন পর্যায়ের ৫৪ জন জনবল প্রয়োজন যা একটি বিজিডি ই-গভ এর সক্ষমতা বৃদ্ধি শীর্ষক একটি সরকারি অর্থায়নে নেওয়া প্রকল্পের মাধ্যমে চলমান রাখা হয়েছে। সার্ট পরিচালনার জন্য রাজস্ব খাতে বর্তমান বেতন, ভাতায় উচ্চ প্রযুক্তি জ্ঞানসম্পন্ন বিশেসজ্ঞ রাখা সম্ভব নয়। চলমান নতুন প্রকল্প শেষে সার্ট পরিচালনার জন্য রাজস্বখাতে আইটি ইঞ্জিনিয়ারসহ প্রয়োজনীয় জনবল বিশেসজ্ঞ জনবল হিসেবে বর্তমান বেতনে (পরামর্শক ফি) নিয়োগ করে পরিচালনা করা প্রয়োজন। অন্যথায় দক্ষ জনবলের অভাবে সার্ট এর কার্যক্রম ব্যাহত হবে। প্রকল্পের মাধ্যমে স্থাপিত সার্ট এর কার্যক্রম টেকসই ও শক্তিশালী করার জন্য প্রয়োজনীয় বিশেষজ্ঞ পদ সৃজন করে অনুমোদিত পদের বিপরিতে বর্তমান বিশেষজ্ঞ জনবল স্থায়ী করা প্রয়োজন।

১৮.৪। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন**: এ প্রকল্পের মাধ্যমে আইটি/আইটিইএস সেক্টরের জন্য ৩০,০০০ দক্ষ জনবল তৈরি, আইসিটি নির্ভর ব্যবসা সম্প্রসারণে প্রয়োজনীয় সুযোগ সৃষ্টি, জাতীয় ডাটা সেন্টারের সক্ষমতা বাড়ানো, বাংলাদেশ ন্যাশনাল ডিজিটাল আর্কিটেকচার (বিএনডিএ) বাস্তবায়ন করা, সাইবার অপরাধ দমন টিম গঠন করা এবং সরকারি কর্মকর্তাদের আইসিটি ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণের লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির উদ্দেশ্য অর্জন সম্পর্কে বিস্তারিত ১৬ নং অনুচ্ছেদে লিপিবদ্ধ করা হয়েছে।

১৮.৫। অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত: পিসিআর দৃষ্টে দেখা যায়, এ প্রকল্পে ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬, ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থবছরে ২টি ইন্টর্নাল ও ৬টি এক্সটার্নাল অডিটে মোট ২৭টি আপত্তি উত্থাপিত হয়েছে। উত্থাপিত ২৭টি আপত্তির মধ্যে ২৬টি নিষ্পত্তি হয়েছে এবং ০১টি আপত্তি নিষ্পত্তির জন্য ব্রডশীট জবাব প্রেরণ করা

হয়েছে। সেখানে আরো দেখা যায়, ২০১৮-১৯ অর্থবছরে কোন অডিট পরিচালিত হয়নি। উক্ত অর্থবছরের অডিট পরিচালনা এবং আপত্তিটি দ্রুত নিষ্পত্তি করার ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

১৯। মতামত / সুপারিশ :

১৯.১। প্রকল্পটি নির্ধারিত মেয়াদ ও প্রাক্কলনে শেষ হয়নি, মেয়াদ বৃদ্ধি পেয়েছে ১৮ মাস বা ৩০.৫০% এবং প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ২২৬২৬.৮৯ লক্ষ টাকা বা ৩৯.৫২%। মন্ত্রণালয়/বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী নতুন প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ ও প্রাক্কলন এমনভাবে করতে হবে যাতে মেয়াদ ও প্রাক্কলন বৃদ্ধি করতে না হয়;

১৯.২। প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদের মধ্যে ৬ টি এক্সটার্নাল ও ২টি ইন্টার্নাল অডিটে মোট ২৭টি আপত্তি উত্থাপিত হয়েছে এবং এর সাথে সর্বমোট ১,১৭৯,০৬৪,১২৭.৫৮/- লক্ষ টাকার সম্পৃক্ততা রয়েছে। অনিষ্পন্ন আপত্তিটি দ্রুত নিষ্পন্ন করতে হবে এবং ২০১৮-১৯ অর্থবছরের অডিট দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১৯.৩। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে এবং আইটি শিল্পের প্রসারের জন্য জনসম্পদ উন্নয়ন ও ইন্ডাস্ট্রি প্রোমোশন এর কাজ অব্যাহত রাখার জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো;

১৯.৪। ই-গভর্নেন্স নিশ্চিত করার ক্ষেত্রে সকল সরকারি দপ্তরের তথ্য প্রযুক্তি বিষয়ক কর্মকান্ড ও উদ্যোগসমূহের মধ্যে সমন্বয় সাধনের লক্ষ্যে National Enterprise Architecture এর কার্যক্রম অব্যাহত রাখা যেতে পারে এবং একটি ইন্টিগ্রেটেড সিস্টেম ডেভেলপ করা যেতে পারে;

১৯.৫। কম্পিউটার ইনসিডেন্ট রেসপন্স টিম (CIRT)-কে প্রাতিষ্ঠানিক রূপ প্রদান করা যেতে পারে। তবে, প্রকল্প সমাপ্তির অব্যহৃত পরেই সরকারি সেবা ও দপ্তরসমূহের সাইবার সিকিউরিটি নিশ্চিত করতে BGD-e-Gov CIRT এর যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার দৃষ্টি আকর্ষণ করা হল;

১৯.৬। পরবর্তীতে সমজাতীয় প্রকল্প গ্রহণের ক্ষেত্রে, মূল প্রকল্প দলিল প্রণয়ণকালীন সঠিক পরিকল্পনা মোতাবেক প্রকল্প ডিজাইন করা প্রয়োজন, যাতে মাত্রারিক্ত ব্যয় এবং মেয়াদ বৃদ্ধি না পায়;

১৯.৭। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ীপ্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব ও ভাষা প্রশিক্ষন ল্যাব স্থাপন (৩য় পর্যায়) প্রকল্পের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত:সেপ্টেম্বর, ২০১৯)

১। প্রকল্পের নাম: সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব ও ভাষা প্রশিক্ষন ল্যাব স্থাপন (৩য় পর্যায়)।

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য): জিওবি।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/ ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

৫।(ক) প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

বিষয়	প্রাক্কলন	অনুমোদিত প্রাক্কলন			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
		জিওবি	প্র: সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ
মূল অনুমোদিত	২৯৮৯৮.০০	২৯৮৯৮.০০	--	--	জানুয়ারী,১৫-ডিসেম্বর, ১৬	২৩-১২-১৪	৯৮৭৯.৭৫ বা ৩৩.০৪%	১৩৭.৫ %
সর্বশেষ সংশোধিত	৩৯৭৭৭.৭৫	৩৯৭৭৭.৭৫	--	--	জানুয়ারী,১৫-সেপ্টেম্বর, ১৯	২৬-০৬-১৮		
প্রকৃত ব্যয়	৩৯০৫৬.২১	৩৯০৫৬.২১						

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: **৩৩.০৪%**।
(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার: **১৩৭.৫%**।

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতিনিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
Revenue						
1	Basic pay (Officer)		১০৫.৮০	৬	৮৯.৫২	৬
2	Basic Pay (Employee)		৯.৪৫	২	৯.৩৩	২
3	Housing rent allowance		১৩৬.১২	৮	৯০.৪০	৮
4	Medical allowance					
5	Festival allowance					
6	Bangla new year allowance					
7	Other allowance					
8	Overtime		২.৪৯	L/S	২.০৩	১০০%
9	Honorarium allowance		২৬.৯৩	L/S	২৫.৩৭	১০০%

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
10	Entertainment expenses		১২.৮৩	L/S	১২.০৮	১০০%
11	Hiring charge		১৩.২১	L/S	১৩.২১	১০০%
12	Seminar/Conference Expenses		১৪১.৫৪	L/S	১০১.০৭	১০০%
13	Internet			L/S		১০০%
14	Postage		১.৮৮	L/S	.৪৪	১০০%
15	Telephone		৪.৪১	L/S	১.৬৬	১০০%
16	Books/journal Newspaper		৩.০৯	L/S	.০৯	১০০%
17	Advertising expenses		৩৩.৭২	L/S	২৯.৪১	১০০%
18	Freight and transport charge		৬৮.৫১	L/S	৬৮.৫১	১০০%
19	Bank Insurance		১.০৬	L/S	.০৬	১০০%
20	Training		৮০০.০০	L/S	৭৯৯.০০	১০০%
21	Gas and fuel		২৫.৬১	L/S	২৫.৬১	১০০%
22	Travel expense		২৯.৬৯	L/S	১৩.৭০	১০০%
23	Computer consumables		৮.২৬	L/S	৬.৩০	১০০%
24	Printing and binding		২৮.৯৭	L/S	২৬.৬৯	১০০%
25	Other stationery		১৩.৬৬	L/S	১৩.৬৬	১০০%
26	Consumable stores		৮৫.৬৫	L/S	৮৫.৬৫	১০০%
27	Computer		৪.৫৬	L/S		১০০%
28	Office equipment		২.০০	L/S	২.০০	১০০%
29	Non-residential buildings		১২২০.১৪	৪০১৬	১২০৭.২০	৪০১৬
	Total Revenue (A)		২৭৮০.১৪		২৬২২.৯৯	
	Capital					
30	Computers and accessories		৩০৮৩২.৮২	৪১৭৬	৩০৩৪২.৬০	৪১৭৬
31	Furniture		৫৯০৪.৭১	৪১৭৬	৫৮৪৭.৬৬	৪১৭৬
32	Computer software		২৬০.০৮	L/S	২৪২.৯৬	১০০%
	Total Capital (B)		৩৬৯৯৭.৬১		৩৬৪৩৩.২২	
	Total (A+B)		৩৯৭৭৭.৭৫		৩৯০৫৬.২১	

৭। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি **অনুসরন** করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্পের মূল উদ্দেশ্য:

ক) তথ্য প্রযুক্তি নির্ভর প্রশিক্ষণ অবকাঠামো তৈরী;

খ) তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা;

গ) ইন্টারনেটের সাথে সকলকে যুক্ত করা।

১০। প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া: আলোচ্য প্রকল্পটি ২৯৮৯৮.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারী,২০১৫- ডিসেম্বর, ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৩-১২-১৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পের মোট প্রাক্কলিত ৩৯৭৭৭.৭৫ এবং বাস্তবায়ন মেয়াদ২ বছর ৯মাস বৃদ্ধি করে অর্থাৎ জানুয়ারী,২০১৫- সেপ্টেম্বর, ২০১৯ পর্যন্ত এর সর্বশেষ সংশোধন করা হয় যা ২৬-০৬-১৮ তারিখে অনুমোদিত হয়।

১১। প্রকল্প এলাকা পরিদর্শন:

১১.১। প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত০৮/০২/২০২০তারিখে চট্টগ্রামের“শহীদ নগর সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়”, আগ্রাবাদ,“বল গবেষণাগার উচ্চ বিদ্যালয়”, ষোল শহর, “আশেকানে আউলিয়া ডিগ্রি কলেজ” শিক্ষা প্রতষ্ঠিানে স্থাপিত কম্পিউটার ল্যাবের সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগীতা করেন। পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে।

১১.২। **<u>নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো:</u>**



প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে সাইট পরিদর্শনের দৃশ্য



প্রকল্পের মাধ্যমে নির্মিত কম্পিউটার ল্যাবের দৃশ্য



প্রকল্পের মাধ্যমে নির্মিত কম্পিউটার ল্যাবের দৃশ্য



প্রকল্পের মাধ্যমে নির্মিত ভাষা প্রশিক্ষন ও কম্পিউটার ল্যাবের দৃশ্য

১২। <u>প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:</u>

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র কর্মকর্তা মোঃ রফিকুল আলম, পরিচালক (উপ সচিব) ০১/০৯/২০১৮ তারিখে পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	জনাব মো: এমদাদুল হক	জনপ্রশাসন মন্ত্রণালয় অতি: সচিব	নিয়মিত	০১/০১/২০১৫ – ২৬/০২/২০১৭
২।	জনাবা মালিহা নার্গিস	জনপ্রশাসন মন্ত্রণালয় অতি: সচিব	অতিরিক্ত দায়িত্ব	২৬/০২/২০১৭- ১১/১০/২০১৭
৩।	ড. মো: শাহাদাৎ হোসেন, ৫২৮৬	জনপ্রশাসন মন্ত্রণালয় যুগ্ম সচিব	নিয়মিত	১১/১০/২০১৭ -১১/১২/২০১৮
৪।	মোঃ রেজাউল মাকসুদ জাহেদী	যুগ্ম-সচিব	অতিরিক্ত দায়িত্ব	১১/১২/২০১৮- ৩০/০৯/২০১৯

১৪| <u>প্রকল্পের ক্রয় কার্যক্রম:</u>

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহ্বান, দরপত্র মূল্যায়ণ, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

ক. ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজ সংখ্যা: ক্রয় ১৮টি ও কাজ ০৬টি মোট ২৪টি।

খ. পন্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

Description of procurement (Goods/works/consultancy) as per bid document	Tender/Bid/Proposal Cost (in core Taka)		Tender/Bid/Proposal		Date of completion of works/services and supply of goods	
	Asper ppp	Contracted value	Invitation date	Contract signing/L.C opening date	As per contract	actual
1	2	3	4	5	6	7
GD-05	22.74	4.56+6.25+5.00+6.48=22.29	18.5.15	17.09.15	16.01.16	16.01.16
GD-06	176.63	32.72+44.75+47.78+47.12=172.37	16.12.15	10.02.16	09.05.16	09.05.16
GD-08 (PKG-1)	2.93	2.93	03.08.16	25.10.16	03.02.17	26.12.16
GD-08 (PKG-2)	2.86	2.86	08.08.16	25.10.16	03.02.17	26.12.16
GD-08 (PKG-3)	3.19	3.19	09.08.16	25.10.16	31.12.16	26.12.16
GD-08 (PKG-4)	2.53	2.53	14.08.16	25.10.16	31.12.16	26.12.16
GD-09 (PKG-1)	17.33	15.76	22.08.16	01.12.16	20.03.17	20.03.17
GD-09 (PKG-2)	16.47	15.32	28.08.16	01.12.16	20.03.17	20.03.17
GD-09 (PKG-3)	13.57	13.91	30.08.16	01.12.16	20.03.17	20.03.17
GD-09 (PKG-4)	12.26	12.23	02.11.16	01.12.16	12.04.17	12.04.17
GD-11	3.08	3.07	5.12.16	06.02.17	30.05.17	30.04.17
GD-12	2.40	2.40	The Renovation Fund has been Transferred to Upazilla Nirbahi Officer by Chief Account Officer as per DPP			
GD-18 (PKG-1,2,3&4)	20.27		06.09.18	29.03.18	June, 18	11.06.18
GD-18.2 (PKG-1)	2.12	1.95	06.09.18	19.12.18	16.02.19	28.02.19
GD-20	5.18	3.60	The Renovation Fund has been Transferred to Upazilla Nirbahi Officer by Chief Account Officer as per DPP			
GD-22	55.03	54.82	July, 18	22.07.18	Dec, 18	Dec, 18
GD-23	14.87	10.19	6.09.18	19.12.18	Dec, 18	April, 19
GD-24	8.00	7.99	2.7.18	28.8.18	May, 19	15.6.19

১৫। **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
ক) তথ্য প্রযুক্তি নির্ভর প্রশিক্ষণ অবকাঠামো তৈরী;	(ক) প্রকল্পের মাধ্যমে ৪০০১টি শিক্ষা প্রতিষ্ঠানে ও ১৫টি সৌদি আরবে মোট ৪০১৬টি বিশেষায়িত কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। যার	(ক) সরেজমিন পরিদর্শন এবং প্রকল্প অফিসের রেকর্ডপত্র পর্যালোচনা করে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে সকল জেলায় ৪০০১টি শিক্ষা প্রতিষ্ঠানে এবং সৌদি আরবে ১৫টি

পরিকল্পনা	অর্জন	পরিদর্শনের আলোকে
	মাধ্যমে ৪০১৬টি তথ্য প্রযুক্তি নির্ভর প্রশিক্ষণ অবকাঠামো তৈরী করা হয়েছে।	বিশেষায়িত কম্পিউরটার ল্যাব স্থাপন করা হয়েছে। ৪০১৬টি কম্পিউটার ল্যাব স্থাপনের মাধ্যমে তথ্য প্রযুক্তি নির্ভর প্রশিক্ষণ অবকাঠামো তৈরী হয়েছে বলে প্রতীয়মান হয়।
খ) তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা;	(খ) দেশের সকল জেলায় ৪০০১টি কম্পিউটার ল্যাব স্থাপিত হয়েছে। উক্ত ল্যাবে ছাত্র-ছাত্রীরা কম্পিউটার ও ভাষা বিষয়ে প্রশিক্ষণ নিচ্ছে। এর মাধ্যমেতথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থাকরা হয়েছে।	(খ) প্রকল্পের মাধ্যমে ৪০০১টি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। উক্ত কম্পিউটার ল্যাবে কম্পিউটার ও ভাষা বিষয়ে প্রশিক্ষন দেয়া হচ্ছে। এর মাধ্যমে তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা সৃষ্টি হয়েছে বলে প্রতীয়মান হয়।
গ) ইন্টারনেটের সাথে সকলকে যুক্ত করা।	(গ) এ প্রকল্পের মাধ্যমে ৪০০১টি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করে ইন্টারনেটের সাথে যুক্ত করা হয়েছে।	(গ) ৪০০১টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের সাথে ইন্টারনেট যুক্ত হয়েছে। এর মাধ্যমে প্রকল্পের এ উদ্দেশ্যে বাস্তবায়িত হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৬ । **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৬.১। **অডিট নিষ্পত্তি সংক্রান্ত**: প্রকল্পের অভ্যন্তরীন ৩টিএবং ইন্টারনাল ৫ টি অডিট হয়েছে।

১৭। **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৭.১। **Time & cost over run**: প্রকল্পটির মূল ডিপিপি ২৯৮৯৮.০০লক্ষ টাকা প্রাক্কলনে ২ বছর মেয়াদকালে জানুয়ারী, ১৫ থেকে ডিসেম্বর, ১৬ মেয়াদে গত ২৩-১২-১৪ তারিখে অনুমোদিত হয়েছিল। সর্বশেষ সংশোধনীতে ৩৯৭৭৭.৭৫ লক্ষ টাকা প্রাক্কলনে জানুয়ারী, ১৫ থেকে সেপ্টেম্বর, ১৯ মেয়াদে গত ২৬-০৬-১৮ তারিখে অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ২ (দুই) বছর ৯ মাস বা ১৩৭.৫% এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ৯৮৭৯.৭৫ লক্ষ টাকা বা ৩৩.০৪%।

১৭.২। **প্রকল্প বাস্তবায়ন অবস্থা**: প্রকল্পের মোট ৩২টি অঙ্গ ছিল, পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রতিটি অঙ্গের বিপরীতে সংস্থানকৃত অর্থের যথাযথ ব্যয় হয়েছে। কোন অঙ্গের ব্যয় ডিপিপি সংস্থানের চেয়ে বেশি হয়নি। ডিপিপি/আরডিপিপিতে প্রকল্পের বিভিন্ন অঙ্গের জন্য সংস্থান ছিল ৩৯৭৭৭.৭৫ লক্ষ টাকা, ব্যয় হয়েছে ৩৯০৫৬.২১ লক্ষ টাকা বা ৯৮.১৮%। প্রকল্প পরিচালক জানান, অব্যয়িত অর্থ সংস্থা হতে ছাড় হয়নি, এ কারণে সরকারি কোষাগারে জমা করার প্রয়োজন হয়নি।

১৭.৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন**: এ প্রকল্পে তথ্য প্রযুক্তি নির্ভর প্রশিক্ষণ অবকাঠামো তৈরী, তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষা ব্যবস্থা এবং ইন্টারনেটের সাথে সকলকে যুক্ত করা এই ৩ টি উদ্দেশ্য ছিল। প্রকল্পের মাধ্যমে ৪০১৬টি বিশেষায়িত কম্পিউরটার ল্যাব স্থাপন করা হয়েছে, কম্পিউটার ল্যাবে কম্পিউটার ও ভাষা বিষয়ে প্রশিক্ষন দেয়া হচ্ছে এবং ৪০০১টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবের সাথে ইন্টারনেট যুক্ত হয়েছে। প্রকল্পের এইসব কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জন করা হয়েছে বলে প্রতীয়মান হয়।

১৭.৪। **সম্পদ রেজিষ্টার সংরক্ষণ:** এ প্রকল্পের মাধ্যমে যে সকল শিক্ষা প্রতিষ্ঠানেক ম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে, তার মধ্যে পরিদর্শনকৃত প্রতিষ্ঠানে সম্পদ রেজিষ্টার সংরক্ষণ করা হচ্ছে। প্রকল্প অফিস থেকে জানা যায়, স্থাপিত ৪০১৬টি কম্পিউটার ল্যাবে সম্পদ রেজিষ্টার সংরক্ষণের জন্য নির্দেশনা দেয়া হয়েছিল এবং নির্দেশনা অনুযায়ী তা সংরক্ষন করা হচ্ছে।

১৭.৫। **প্রকল্প পরিচালক নিয়োগ ও পরিবর্তন:** এ প্রকল্পের মেয়াদে ৪ জন প্রকল্প পরিচালক পরিবর্তন করা হয়েছে। **পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত** "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" অনুসারে

৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রেপ্রকল্প পরিচালক কমিটির সুপারিশের মাধ্যমে নিয়োগ করার বিধান রয়েছে। কিন্তু প্রকল্প পরিচালক নিয়োগ ও পরিবর্তনের ক্ষেত্রে কমিটির সুপারিশ গ্রহণ করা হয়নি।

১৭.৬। **অডিট সংক্রান্ত:**পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রকল্পের জুন, ২০১৯ পর্যন্ত অভ্যন্তরীণ ৫টি এবং এপ্রিল, ২০১৯ পর্যন্তএক্সটার্নাল ৩টি অডিট হয়েছে। অভ্যন্তরীণ অডিটে ৬টি আপত্তির মধ্যে সবগুলোই নিষ্পত্তি হয়েছে। এক্সটার্নাল অডিটে ১১টি আপত্তির মধ্যে ৬টি নিষ্পত্তি হয়েছে এবং ৫ টি আপত্তির জবাব দেয়া হয়েছে। প্রকল্পের অবশিষ্ট সময়ের অডিট এখনো হয়নি।

১৭.৭। **ক্রয়কার্যক্রম পর্যালোচনা:** এ প্রকল্পে ডিপিপি/আরডিপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ক্রয় ১৮টি,কার্য ০৬টিসহ মোট ২৪টি। ২৪ টি প্যাকেজের সবগুলোই পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। ২৪টি প্যাকেজের মধ্যে ২৪টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। সমাপ্ত প্যকেজের কার্যকাল পর্যালোচনায় দেখা যায়, সর্বশেষ আরডিপিপি অনুযায়ী প্যাকেজের দরপত্র আহবান, চুক্তি ও কাজ সমাপ্তি হয়েছে। কিন্ত মূল ডিপিপি ও প্রথম সংশোধিত আরডিপিপি অনুযায়ী হয়নি।

১৭.৮। **শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার পদ্ধতি:** ডিপিপি'র সাথে সংযুক্ত গাইড লাইন ও সহযোগিতা চুক্তিপত্র অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থী এবং শিক্ষক মন্ডলী ল্যাব ব্যবহারের সময়সূচী নির্ধারণ করবে। সকল শিক্ষার্থী প্রতি সপ্তাহে যাতে ল্যাব ব্যবহারের সুযোগ পায় সে অনুযায়ী ক্লাস রুটিন তৈরি করার নির্দেশনা রয়েছে। এছাড়া অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রীদের ল্যাব ব্যবহারের সুযোগের উল্লেখ রয়েছে। পরিদর্শনকৃত কোন শিক্ষা প্রতিষ্ঠানেই ল্যাব ব্যবহার সম্পর্কিত কোন ক্লাস রুটিন দেখা যায়নি। কম্পিউটার ল্যাবের সর্ব্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য স্থানীয় প্রশাসন, শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কার্যকরী মনিটর করা প্রয়োজন।

১৭.৯। প্রকল্পের ক্রয়কৃত যানবাহন: এ প্রকল্পের ডিপিপিতে একটি পিক আপ ও দুইটি মটর সাইকেল ক্রয়ের সংস্থান ছিল, কিন্তু প্রকল্পের আওতায় কোন যানবাহন ক্রয় করা হয়নি।

১৮। <u>মতামত/সুপারিশ</u> :

১৮.১। প্রকল্পটি সর্বশেষ সংশোধনের মাধ্যমে মেয়াদ বৃদ্ধি পেয়েছে ২ বছর ৯ মাস বা ১৩৭.৫% এবং প্রাক্কলন বৃদ্ধি পেয়েছে ৮৭৯.৭৫ লক্ষ টাকা বা ৩৩.০৪%। এতে প্রতীয়মান হয়, ডিপিপি প্রণয়নের সময় মেয়াদ ও প্রাক্কলন সঠিক ছিলনা। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার পরবর্তী প্রকল্প প্রনয়নের সময় মেয়াদ ও প্রাক্কলন যথাযথভাবে করতে হবে যাতে প্রকল্প সংশোধন করতে না হয়।

১৮.২। প্রকল্পের মাধ্যমে ৪০১৬টি কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবগুলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার জন্য মনিটরিং ব্যবস্থা অব্যাহত রাখতে হবে।

১৮.৩। প্রকল্পের জুন, ২০১৯ পর্যন্ত অভ্যন্তরীণ এবং এপ্রিল, ২০১৯ পর্যন্ত এক্সটার্নাল অডিট হয়েছে। প্রকল্পের অবশিষ্ট সময়ের অডিট এখনো হয়নি। দ্রুত অবশিষ্ট সময়ের অডিট সম্পন্ন করতে হবে।

১৮.৪। শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও শিক্ষক মন্ডলীর ল্যাব ব্যবহার সংক্রান্ত কোন ক্লাস রুটিন পরিলক্ষিত হয়নি। প্রতি সপ্তাতে অন্তত ১ বার ছাত্র-ছাত্রী ও শিক্ষক মন্ডলী যাতে কম্পিউটার ল্যাব ব্যবহার করতে পারে তা নিশ্চিত করতে হবে।

১৮.৫। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।